# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৫. বিদ'আতী ও কুফরী আকীদা-বিশ্বাসটা কী?

এগুলো প্রকার ও ধরনের যেমন: এমন বিশ্বাস রাখা যে

১. আল্লাহ সর্বত্র বিরাজমান (আস্তাগফিরুল্লাহ), এটি একটি বহুল প্রচলিত ভুল আকীদা । অথচ শুদ্ধ হলো আল্লাহ নিজেই কুরআনে বলেছেন যে, তিনি উপরে আরশে আযীমে আছেন। (সূরা ২০; ত্বা-হা ৫) আর এ জন্যই আমরা দু'হাত উপরে উঠিয়ে দু'আ করি ।

২. মুহাম্মাদ (স) নূরের তৈরি। এটি এক মারাত্মক ভ্রান্ত আকীদা-বিশ্বাস । অথচ শুদ্ধ হলো তিনি মানুষ । আর যেহেতু সকল মানুষ মাটির তৈরি, সেহেতু তিনিও মাটি থেকেই সৃষ্টি । (সূরা ২০; ত্বা-হা ৫৫)। এছাড়াও আরো অনেক ভ্রান্ত আকীদা ও আমল সমাজে ছড়িয়ে আছে যেগুলোতে ঈমান চলে যায়। তাওবা করে এগুলো থেকে বের হয়ে আসলে নাপাক কলব আবার পবিত্র হয়ে যাবে ইনশাআল্লাহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12736

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন